

৭/১১ ১.৫ (৪৩১/১৩৩০২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
বালিয়াপুকুর, রাজশাহী।
প্রশাসন শাখা (কমন সার্ভিস)
পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তা	:	এ.কে.এম নজরুল ইসলাম সহকারী পরিচালক (কমন সার্ভিস)
তারিখ	:	৩০-০৫-২০২৩ খ্রিঃ
সময়	:	সকাল ১০.৩০
পরিদর্শনকৃত অফিস	:	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, প্রধান কার্যালয়।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২২-২৩ এর আলোচ্য বিষয় ১.৫ এর ৪র্থ কোয়াটারের কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত একেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) এর সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কমিটির কার্যপরিধি অনুযায়ী গত ৩০-০৫-২০২৩ ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় বোর্ডের সকল অফিস কক্ষ ও অফিসের চারপাশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালীন সময় কমিটির সদস্য ও সদস্য সচিব উপস্থিত ছিলেন। অফিসের প্রতিটি কক্ষসহ বাথরুম নিয়মিত পরিষ্কার করা এবং অফিসের বারান্দা ও চারপাশের বাহিরের দিকের বুলগুলো পরিষ্কার করার জন্য কর্মরত পরিচ্ছন্নতা কর্মীদের নির্দেশ দেয়া হয় এবং পরিষ্কার করানো হয়। অত্র বোর্ডের সকল কক্ষসহ করিডোর এবং টয়লেট নিয়মিত পরিষ্কার করা হচ্ছে। টয়লেটের ভিতরে কন্টেইনার বা ডাস্টবিন রেখে তার গায়ে (আমাকে ব্যবহার করুন) লিখা আছে। সকাল ৮.০০ ঘটিকার মধ্যে ১ বার ও দুপুর ২.০০ ঘটিকার সময় ১ বার করে প্রতিদিন ২ বার ওয়াস রুম পরিষ্কার করার জন্য পরিচ্ছন্নতা কর্মীদের নির্দেশনা দেয়া হয়। ওয়াস রুমে পর্যাপ্ত টয়লেট টিসু, হ্যান্ড ওয়াশ, টয়লেট ক্লিনার, বালতি, মগ, ব্রাশ ও হারপিক সরবরাহের জন্য কেয়ারটেকার ও ভান্ডার রক্ষককে নির্দেশনা প্রদান করা হয়। অফিস কক্ষ থেকে বের হওয়ার সময় রুমের লাইট ও ফ্যানের সুইচ বন্ধ করা এবং বিদ্যুৎ সাশ্রয়ী হওয়ার জন্য সকলকে পরামর্শ প্রদান করা হয়। অফিসের চার পাশে সৌন্দর্য বর্ধনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সেই সাথে করোনা ভাইরাস থেকে রক্ষার জন্য হাত ধোঁত করে অফিসে প্রবেশের জন্য অফিসের মেইন গেটের সামনে হ্যান্ড ওয়াশ ও পানির ব্যবস্থা করা হয়। অফিসের চারপাশে জঞ্জাল পি-৩ কেন্দ্রের শ্রমিকদের দ্বারা পরিষ্কার করানো হয়। মহামারি করোনা ভাইরাস প্রতিরোধ কল্পে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বাজায় রেখে এবং মাস্ক পরে অফিস করার জন্য সকলকে অবহিত করা হয়। নিয়মিত অফিস কক্ষসহ চারপাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য পরিচ্ছন্নতা কর্মীদের নির্দেশনা প্রদান করা হয়েছে। কমিটির সদস্য সচিব নিয়মিত বিসয়টি তদারকি করেছেন।

বিতরণ

১। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।

৩০.০৫.২০২৩

(এ.কে.এম নজরুল ইসলাম)

সহকারী পরিচালক (কমন সার্ভিস)

ও

আহবায়ক সংশ্লিষ্ট কমিটি

স্মারক নং- ২৪.০৬.০০০০.০০৮.৩০.০০২.২০ ২৪০

তারিখ- ৩০-০৫-২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ

- ১। পি এ টু মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। ভান্ডার রক্ষক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ২। কেয়ারটেকার কাম সিকিউরিটি ইনচার্জ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৩। পরিচ্ছন্নতা কর্মীগণ.....।
- ৪। সংশ্লিষ্ট নথি।